ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
প্রশাসন ইউনিট
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

স্মারক নং- ৫৯.১১.০০০০.১৫২.১১.০৩১.২২-২২৫২

তারিখ: ১১আষাঢ় ~~জ্যৈষ্ঠ~~, ১৪৩৩
২৫ জুন, ২০২৬

## পরিপত্র

বিষয়: পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন বিভিন্ন স্তর হতে অধিদপ্তর পর্যায়ে নিষ্পন্নযোগ্য সকল আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ।

সূত্র: পরিবার পরিকল্পনা অধিদপ্তরের গত ১২.০৩.২০২৫ খ্রি. তারিখের ১০৪১ নম্বর স্মারকের পরিপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সকল ইউনিট/ কার্যালয়/ বিশেষায়িত প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের অধিদপ্তর পর্যায়ে নিষ্পন্নযোগ্য আবেদনসমূহ (বদলি/পদায়ন ও অন্যান্য সকল আবেদন) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করার নিমিত্ত নির্দেশনা প্রদান করে পরিপত্র জারি করা হয়। উক্ত সুস্পষ্ট নির্দেশনা প্রদান করার পরও বিভিন্ন ইউনিট/বিভাগ/জেলা/উপজেলা ও তদনিম্ন পর্যায়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ সরাসরি মহাপরিচালক মহোদয় ও পরিচালক (প্রশাসন) মহোদয় বরাবর আবেদন দাখিল করছেন। ফলে তাঁর নিয়ন্ত্রণাধীন কর্তৃপক্ষ অবগত না থাকায় পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে উক্ত আবেদন/ প্রস্তাবটি নিষ্পত্তিকরণে নানাবিধ প্রশাসনিক সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। এ সমস্যা রোধে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:

(ক) বদলি/পদায়ন ও অন্যান্য যেকোনো আবেদন/প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব স্ব বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়/পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ইউনিটসমূহ/বিশেষায়িত প্রতিষ্ঠানের পরিচালকগণের অগ্রায়নপত্রসহ দাখিল করতে হবে;

(খ) কোনো কোনো কর্মচারী তাঁর মূল কর্মস্থলের সুপারিশ ব্যতিরেকে সংযুক্তিতে কর্মরত কর্মস্থলের কর্তৃপক্ষের নিকট হতে অগ্রায়ণপত্র নিয়ে বদলি/পদায়নের আবেদন দাখিল করছেন। এক্ষেত্রে, মূল কর্মস্থলের কর্তৃপক্ষের সুপারিশসহ আবেদন করার নিমিত্ত অনুরোধ করা হলো।

**যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে।**

২৫.০৬.২৬
(মোসা: মাহফুজা খানম)
পরিচালক (প্রশাসন)
ফোন: +৮৮০২৫৫০১২৩৪২
ই-মেইল: diradmin@dgfp.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১. পরিচালক (সকল), ---------------------------------- ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, ---------------------------- বিভাগ।
২. পরিচালক, এমএফএসটিসি, মোহাম্মদপুর/ এমসিএইচটিআই, আজিমপুর/ এমসিএইচটিআই, লালকুঠি, মিরপুর, ঢাকা।
৩. অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।
৪. উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, -------------------------------------- জেলা।
৫. অধ্যক্ষ, এফডব্লিউটিআই, আজিমপুর, ঢাকা।
৬. উপজেলা/থানা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল), ---------------------------।
৭. মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র (সকল) ----------------------------------------------------------।
৮. সহকারী প্রোগ্রামার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):
১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
৩. পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
৪. অফিস কপি।